অস্ত্র মামলায় পাগলা মিজান ৫ দিনের রিমান্ডে

মৌলভীবাজারে শ্রীমঙ্গল থানায় র্যাবের দায়ের করা অস্ত্র মামলায় ঢাকা উত্তর সিটি করপোরেশনের ৩২নং ওয়ার্ডের কাউন্সিলর হাবিবুর রহমান মিজান ওরফে পাগলা মিজানকে ৫ দিনের পুলিশি রিমান্ড দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকালে মামলার তদন্তকারী কর্মকর্তা শ্রীমঙ্গল থানার উপ-পরিদর্শক (এসআই) আলমগীর হোসেন মিজানকে মৌলভীবাজার ২নং আমলি আদালতের বিচারক আব্দুল্লাহ মোহাম্মদ সালেহীর আদালতে হাজির করে সাত দিনের রিমান্ডের আবেদন করেন। আদালত শুনানি শেষে ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

মৌলভীবাজার কোর্ট পুলিশের পরিদর্শক আব্দুল হাই চৌধুরী বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) মামলার তদন্ত কর্মকর্তা সাত দিনের রিমান্ডের আবেদন করেন। আদালত ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন।

মৌলভীবাজার কারাগারের জেল সুপার মো. আনোয়ারুজ্জামান বলেন, কাউন্সিলর মিজানকে গত রবিবার (২১ অক্টোবর) ঢাকা কারাগার থেকে মৌলভীবাজার কারাগারে আনা হয়। মঙ্গলবার (২২ অক্টোবর) সকালে তাকে শ্রীমঙ্গল থানায় দায়ের করা অস্ত্র মামলায় আদালতে হাজির করা হয়ছিল।

গত ১১ অক্টোবর ভোরে হাবিবুর রহমান মিজানকে শ্রীমঙ্গল পৌর এলাকার গুহ রোডের একটি বাসা থেকে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-২) এর একটি দল আটক করে। এ সময় তার কাছ থেকে একটি অবৈধ বিদেশি পিস্তল, ৪ রাউন্ড গুলি, একটি ম্যাগজিন ও নগদ ২ লাখ টাকা উদ্ধার করা হয়। আটকের পরপরই র্যাব তাকে ঢাকায় নিয়ে যায়। ঢাকার মোহাম্মদপুর থানায় মিজানের বিরুদ্ধে মানি লন্ডারিংয়ের অভিযোগে একটি মামলা দায়ের হয়।

পরদিন ১২ অক্টোবর ভোরে শ্রীমঙ্গল থানায় র্যাব-৯ শ্রীমঙ্গল ক্যাম্পের সিনিয়র ওয়ারেন্ট অফিসার মো. আব্দুল জব্বার বাদী হয়ে মিজানের বিরুদ্ধে অস্ত্র আইনে আরেকটি মামলা দায়ের করেন। ওই মামলায় জিজ্ঞাসাবাদের জন্য আজ বৃহস্পতিবার পুলিশ (২৪ অক্টোবর)